

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-স্বাসবি/ইপ/ইউপি-৩২/২০০৮(অংশ-৩)-১৭

তারিখ : ১০ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ।  
২৩ জানুয়ারি, ২০১৭ খ্রিষ্টাব্দ।

বিষয় : দিনাজপুর জেলার কাহারোল উপজেলাধীন ০৪নং তারগাঁও ইউনিয়ন পরিষদের কমপ্লেক্স ভবন নির্মাণের স্থানের অনুমোদন সংক্রান্ত।

সূত্র : অধ্যাপক আনোয়ারুল করিম গং, গ্রামঃ পানিগাঁও, পোঃ বুলিয়াবাজার, দিনাজপুর, তারিখ : ২৯.১২.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক, দিনাজপুর জনাব মোঃ নজরুল ইসলাম খান এর ২৮/০২/২০০৫ তারিখের প্রস্তাব (সংযুক্তি-০১) মোতাবেক কাহারোল উপজেলার ২নং তারগাঁও ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন বুলিয়াবাজার নামক স্থানের নিম্নোক্ত মৌজায় নির্মাণের স্থানের অনুমোদন দেয়া হয় (সংযুক্তি-০২)ঃ

তফসীল

মৌজা	খতিয়ান নম্বর	দাগ নম্বর	জমির পরিমাণ
খস্তা	১৫৪	২৬১	৫০ শতক

০২। পরবর্তীতে জেলা প্রশাসক, দিনাজপুর জনাব মোঃ সুরজ জামান এর প্রস্তাব (সংযুক্তি-০৩) মোতাবেক উল্লিখিত স্থানের প্রশাসনিক আদেশটি বাতিল করে বিদ্যমান ইউনিয়ন পরিষদের স্থানে নিম্নোক্ত তফসীলভুক্ত মৌজায় ২নং তারগাঁও ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের স্থানের অনুমোদন দেয়া হয় (সংযুক্তি-০৪)ঃ

তফসীল

মৌজা	খতিয়ান নম্বর	দাগ নম্বর	জমির পরিমাণ
বোগদইর	৪৩৭	৪৮,৪৯,৮৭,৯৪,৫০	২.২৫ একর এর মধ্যে ৫০ শতাংশ।

০৩। স্থানীয় সরকার বিভাগের উক্ত পরিবর্তিত আদেশকে চ্যালেঞ্জ করে জনাব আনোয়ারুল করিম গং মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬৮২৫/২০০৫ দায়ের করেন। রিট পিটিশনের সর্বশেষ আদেশ নিম্নরূপঃ

“ Let the order of stay granted earlier by this Court be extended till disposal of the Rule.”

উল্লিখিত আদেশ মোতাবেক তারগাঁও ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ কাজ বন্ধ রয়েছে। মামলাটি অদ্যাবধি বিচারাধীন রয়েছে।

০৪। রীটকারীগণ স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয় বরাবর আবেদন করে জেলা প্রশাসক, দিনাজপুর জনাব মোঃ নজরুল ইসলাম খান এর ২৮/০২/২০০৫ তারিখের প্রস্তাবিত কাহারোল উপজেলার বুলিয়াবাজার নামক স্থানের নিম্নোক্ত মৌজায় ২নং তারগাঁও ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের স্থানের অনুমোদন দেয়ার জন্য অনুরোধ জানিয়েছেন (সংযুক্তি-০৫)ঃ

তফসীল

মৌজা	খতিয়ান নম্বর	দাগ নম্বর	জমির পরিমাণ
খস্তা	১৫৪	২৬১	৫০ শতক

৫২। এমতাবস্থায়, দিনাজপুর জেলার কাহারোল উপজেলার ০২নং তারগাঁও ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ বিষয়ে অধ্যাপক আনোয়ারুল করিম এর আবেদনের বিষয়ে মতামতসহ প্রতিবেদন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

( মোঃ মাহাবুবুর রহমান )  
উপসচিব  
৯৫৮৬৬০৫  
Email : Jgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক  
দিনাজপুর।

অনুলিপি :

স্বাক্ষরকারী প্রোগ্রামার

স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।